পল্লী উন্নয়নে সোনালী সোপান

সঞ্চয় করুন ভবিষ্যত গড়ুন

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা

১৫ জুলাই, ২০১৮ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ হাসানুল ইসলাম এনডিসি<br>পরিচালক |
| সভার তারিখ | ১৫ জুলাই, ২০১৮ |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | পরিচালক (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>২০১৮-১৯ অর্থ বছরের মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি জানার লক্ষ্যে নির্ধারিত ছকে তথ্য আনয়ন বিষয়ে আলোচনা ও সুপারিশ গ্রহণ।</td><td>ইনোভেশন বিষয়ে আলোচনায় উপপরিচালক (প্রোগ্রামিং) জানান যে, মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি জানার জন্য স্মারক নং- ৩৫ তারিখঃ ২৮ মে, ২০১৮ মূলে পত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ২২টি জেলা হতে তাদের ইনোভেশন কার্যক্রমের তথ্য পাওয়া গেছে। অবশিষ্ট জেলাগুলো হতে তথ্য আনয়নের জন্য কমিটির সদস্যগণ সংশ্লিষ্ট জেলার উপপরিচালকগণের সাথে যোগাযোগ করলে সহজেই অবশিষ্ট জেলাসমূহ থেকে তথ্য আনা যাবে ।<br>সভাপতি মহোদয় যে সকল জেলা হতে এখনও তথ্য পাওয়া যায়নি তাদেরকে আইডিয়া পাঠানোর জন্য একটি তাগিদ পত্র দেয়ার বিষয়ে আলোচনা করেন।</td><td>১. কমিটির সদস্যগণ নিম্নোক্তভাবে তথ্য আনয়নের বিষয়ে সংশ্লিষ্ট জেলা দপ্তরগুলোর সাথে কথা বলবেন-<br><table><tr><td>ক্রম</td><td>পদবী</td><td>বিভাগ</td></tr><tr><td>১.</td><td>যুগ্মপরিচালক (সিসিএম)</td><td>রংপুর</td></tr><tr><td>২.</td><td>উপপরিচালক (পরিকল্পনা)</td><td>চট্টগ্রাম, রাজশাহী</td></tr><tr><td>৩.</td><td>উপ প্রকল্প পরিচালক (ইরেসপো)</td><td>ময়মনসিংহ, সিলেট</td></tr><tr><td>৪.</td><td>উপপরিচালক (প্রোগ্রামিং)</td><td>ঢাকা, খুলনা</td></tr><tr><td>৫.</td><td>সহকারী পরিচালক (পদাবিক)</td><td>বরিশাল</td></tr></table>বিআরডিবি'র মনিটরিং কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের তাদের দায়িত্বপ্রাপ্ত জেলা অনুযায়ী ইনোভেশন আইডিয়া প্রেরণের বিষয়ে তাগাদা দিবেন।<br>২. যে সকল জেলা হতে এখনও তথ্য পাওয়া যায়নি তাদের আইডিয়া পাঠানোর জন্য একটি তাগিদ পত্র দিতে হবে।</td><td>ইনোভেশন কমিটি</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | ১। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের গৃহিত ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন, বাজেট বরাদ্দ<br>২। Mentor (মেন্টর) এবং Mentee (মেন্টি) নির্বাচন বিষয়ে আলোচনা ও সুপারিশ গ্রহণ | ১। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের গৃহিত ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন বিষয়ে উপপরিচালক (প্রোগ্রামিং) জানান যে, মাঠ পর্যায়ের ২জন কর্মকর্তাকে অর্থ বরাদ্দের জন্য মহাপরিচালক মহোদয়ের অনুমোদন পাওয়া গেছে। ২জন কর্মকর্তার কর্মরত জেলা/উপজেলায় অর্থ প্রেরণের জন্য পরিচালক (অর্থ) মহোদয় বরাবর নথি প্রেরণ করা হয়েছে।<br>২। নতুন করে মাঠ পর্যায় থেকে যে সকল আইডিয়া পাওয়া যাচ্ছে সে আইডিয়ার ওপর ভিত্তি করে Mentor (মেন্টর) এবং Mentee (মেন্টি) নির্বাচন করা যেতে পারে মর্মে আলোচনা হয়। | ১। পরিচালক (অর্থ) মাঠ পর্যায়ের ২জন কর্মকর্তার কর্মরত জেলা/উপজেলায় বরাদ্দকৃত অর্থ প্রেরণের বিষয়ে ব্যবস্থা নিবেন।<br>২। হালনাগাদ তথ্যসমূহ আনয়নের পর গৃহিত ইনোভেশন আইডিয়ার উপর ভিত্তি করে Mentor (মেন্টর) এবং Mentee (মেন্টি) নির্বাচন করতে হবে। | পরিচালক (অর্থ), ইনোভেশন কমিটি |
| ০৩ | বিআরডিবির ই-ইনোভেশন রোডম্যাপ বাস্তবায়ন পরিকল্পনার অগ্রগতি ও সুপারিশ গ্রহণ | ই-সার্ভিস রোডম্যাপের আওতায় ৫টি সিস্টেমের মধ্যে e-Beneficiaries Management System এর জন্য পুনরায় জরুরী ভিত্তিতে EOI বিজ্ঞপ্তি প্রকাশের বিষয়ে মহাপরিচালক মহোদয় কর্তৃক নির্দেশনা পাওয়া গেছে মর্মে উপপরিচালক (প্রোগ্রামিং) জানান। সভায় পরবর্তী করণীয় বিষয়ে আলোচনা হয়। | দ্রুততম সময়ের মধ্যে EOI প্রকাশের বিষয়ে ব্যবস্থা নিতে হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) |
| ০৪ | ই-ফাইলিং বাস্তবায়ন বিষয়ে আলোচনা | ই-ফাইলিং বাস্তবায়ন বিষয়ে আলোচনায় উপপরিচালক (প্রোগ্রামিং) জানান যে, গত ৩-৪ জুন, ২০১৮ ই-ফাইলিং বিষয়ক ২দিন ব্যাপী রিফ্রেসার্স কোর্সের আয়োজন করা হয়েছে। বেশিরভাগ শাখা তাদের চিঠিপত্র ই-ফাইলে প্রেরণ করছে। তবে কিছু কিছু শাখা হতে এখনও হার্ড ফাইল প্রেরণ করা হয় মর্মে সভায় জানানো হয়। ১-৩০ জুন ই-ফাইল অগ্রগতির প্রতিবেদনে বিআরডিবি'র অবস্থান ১৫তম। সভাপতি মহোদয় এ বিষয়ে জানান, সবাইকে আবশ্যিকভাবে ই-ফাইলে কাজ করতে হবে। তাহলে বিআরডিবি'র অবস্থান প্রথমদিকে থাকবে। | বিআরডিবি'র সকল শাখায় আবশ্যিকভাবে ই-ফাইলে কাজ করতে হবে। যেসব ক্ষেত্রে ই-ফাইলে পত্র প্রেরণ সম্ভব সেসব ক্ষেত্রে আবশ্যিকভাবে হার্ডকপির মাধ্যমে কোন সিদ্ধান্ত দেয়া যাবেনা। | উপপরিচালক (প্রোগ্রামিং) |
| ০৫ | সেবা সহজীকরণ বাস্তবায়ন বিষয়ে অগ্রগতি আলোচনা ও সুপারিশ প্রদান | ১। এটুআই এর SPS টিম থেকে SPS এর একটি মডিউল সংগ্রহ করলে বিষয়গুলো আরো সহজতর হবে মর্মে আলোচনা হয়।<br>২। অভিন্ন ঋণ নীতিমালা গঠনের বিষয়ে অগ্রগতি সভায় আলোচনা হয়। | ১। এটুআই থেকে SPS এর একটি মডিউল সংগ্রহ করতে হবে।<br>২। অতিদ্রুত অভিন্ন ঋণ নীতিমালার খসড়া প্রস্তুতপূর্বক তা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট কমিটিকে অনুরোধ জানানো হয়। | পরিচালক (সরেজমিন), উপপরিচালক (ঋণ), উপ প্রকল্প পরিচালক (ইরেসপো), সহকারী পরিচালক (পদাবিক) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ হাসানুল ইসলাম এনডিসি

পরিচালক

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.৫৩ তারিখ: ৩ শ্রাবণ ১৪২৫

১৮ জুলাই ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে)ব্যবস্থা গ্রহণার্থে:

১) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বিআরডিবি, ঢাকা।


২) যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), সমবায়, ঋণ ও বাজারজাতকরণ অনুবিভাগ, বিআরডিবি, ঢাকা।

৩) উপপরিচালক, পরিকল্পনা শাখা, বিআরডিবি, ঢাকা।

৪) উপ প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।

৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বিআরডিবি, ঢাকা।

৬) সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।



নাজনীন খানম
উপপরিচালক